

# অনলাইনে পাঠ

স্টাফ রিপোর্টার : করোনা আতঙ্কে ক্লাস বন্ধ বেশ কিছুদিন। কিন্তু সময়ের মধ্যে সিলেবাস তো শেষ করতে হবে। কীভাবে তা সম্ভব? সেই কারণে এবার অনলাইনে পঠন-পাঠন চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়। এই উদ্যোগকে অবশ্যই স্বাগত জানিয়েছে ছাত্রছাত্রীরা। বিশ্ববিদ্যালয়ের ডিরেক্টর অনিবার্ণ ঘোষ বিবৃতি জারি করে জানিয়েছেন, ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.wbnsou.ac.in](http://www.wbnsou.ac.in)) লগ ইন করে শিক্ষকদের লেকচার শুনতে পারবে। বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা ও গণসম্পর্ক অধ্যাপক অরিজিৎ ঘোষ জানিয়েছেন, ছুটি থাকলেও ছাত্রছাত্রীদের যাতে পড়াশোনায় কোনওরকম অসুবিধা না হয়, সেই কারণেই এই ব্যবস্থা নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।